

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, এপ্রিল ১৮, ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
[মূসক আন্তর্জাতিক সম্পর্ক ও কূটনৈতিক অব্যাহতি শাখা]
[মূল্য সংযোজন কর]

বিশেষ আদেশ

তারিখ : ২৮ চৈত্র, ১৪২৯ বঙ্গাব্দ/১১ এপ্রিল, ২০২৩ খ্রিষ্টাব্দ

বিষয় : বিশ্ব খাদ্য কর্মসূচী (World Food Programme বা WFP) কর্তৃক কক্সবাজার জেলায় মানবিক সহায়তা কার্যক্রম পরিচালনার লক্ষ্যে বিনামূল্যে ভোজ্যতেল (Soybean Oil) ক্রয়ের ক্ষেত্রে প্রযোজ্য মূল্য সংযোজন করা (মূসক) মওকুফ প্রদান।

নং -৬/মূসক/২০২৩।—যেহেতু, বিশ্ব খাদ্য কর্মসূচী (World Food Programme বা WFP) স্থানীয় উৎপাদকের নিকট হতে ভোজ্যতেল ক্রয়পূর্বক কক্সবাজার জেলায় রোহিঙ্গা নাগরিকসহ অন্যান্যদের মাঝে বিনামূল্যে বিতরণ করবে, এবং

যেহেতু, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও বিশ্ব খাদ্য কর্মসূচী এর মধ্যে সম্পাদিত চুক্তিতে বিধি ও পদ্ধতি অনুসরণে দেশের অভ্যন্তরে স্থানীয়ভাবে ক্রয়কৃত খাদ্য সামগ্রীর উপর আরোপণীয় স্থানীয় করাদি সরকার মওকুফ করবে মর্মে শর্ত রয়েছে;

সেহেতু, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন ২০১২, এর ধারা ১২৬ এর উপ-ধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে, জনস্বার্থে, WFP এর ২৩ মার্চ, ২০২৩ খ্রিষ্টাব্দ তারিখের পত্র নং-VAT/02/2023 অনুসারে স্থানীয় সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে WFP এর সম্পাদিত চুক্তির আওতায় নিম্নবর্ণিত প্রতিষ্ঠানসমূহ কর্তৃক তাদের নামের বিপরীতে বর্ণিত পরিমাণ ভোজ্যতেল সরবরাহের ক্ষেত্রে উৎপাদন পর্যায়ে আরোপণীয় মূল্য সংযোজন কর (মূসক) হতে অব্যাহতি প্রদান করা হলো, যথা :—

(৪৮৪৯)

মূল্য : টাকা ৪.০০

সূত্র	প্রতিষ্ঠানের নাম	প্রতিষ্ঠান/ফ্যাক্টরীর ঠিকানা	সরবরাহতব্য ভোজ্যতেলের পরিমাণ (মেটন)
4500085617	Bangladesh Edible Oil Limited	Rupshi Bazar, Rupganj, Narayangong	6.872
Tatal Quantity			6.872 (ছয় দশমিক আটশত বাহাত্তর)

০২। উল্লেখ্য, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৪৬ অনুযায়ী সংশ্লিষ্ট সরবরাহকারী প্রতিষ্ঠান তৎকর্তৃক সরবরাহকৃত ভোজ্যতেল উৎপাদনে ব্যবহৃত উপকরণের উপর পরিশোধিত মূল্য সংযোজন কর রেয়াত গ্রহণ করতে পারবে না। এ অব্যাহতি সুবিধা গ্রহণকল্পে ভোজ্যতেল উৎপাদনকারী প্রতিষ্ঠানকে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৫১, ৫৩, ৫৪, ৬৪, ও ১০৭ এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ৪০ এ উল্লিখিত মূল্য সংযোজন কর সংক্রান্ত হিসাবরক্ষণসহ কর চালানপত্র ও দাখিলপত্রের যাবতীয় আনুষ্ঠানিকতা প্রতিপালন করতে হবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

মোহাম্মদ হাসমত আলী

প্রথম সচিব (মুসক নীতি)।